

## 🔳 আল-কাহফ | Al-Kahf | اَلْكُهُف

আয়াতঃ ১৮: ৭৬

## **া** আরবি মূল আয়াত:

## قَالَ إِن سَالتُكَ عَن شَيءٍ بَعدَهَا فَلَا تُصلحِبنِي قَد بَلَغتَ مِن لَّدُنِّي عُذرًا ﴿٧٤﴾

## 

মূসা বলল, 'এরপর যদি আমি আপনাকে আর কোন বিষয়ে প্রশ্ন করি, তাহলে আপনি আমাকে আর আপনার সাথে রাখবেন না। আমার পক্ষ থেকে আপনি ওযর পেয়ে গেছেন'। — আল-বায়ান

মূসা বলল, 'এরপর আমি যদি কোন বিষয়ে আপনাকে জিজ্ঞেস করি, তাহলে আপনি আর আমাকে সঙ্গে রাখবেন না, ওযর অন্যায় আমার পক্ষ থেকেই ঘটেছে।' — তাইসিরুল

(মূসা) বললঃ এরপর যদি আমি আপনাকে কোন বিষয়ে জিজ্ঞেস করি তাহলে আপনি আমাকে সঙ্গে রাখবেননা; তখন আমার ওযর আপত্তি চূড়ান্ত সীমায় পৌঁছে যাবে। — মুজিবুর রহমান

[Moses] said, "If I should ask you about anything after this, then do not keep me as a companion. You have obtained from me an excuse." — Sahih International

৭৬. মূসা বললেন, এর পর যদি আমি আপনাকে কোন বিষয়ে জিজ্ঞেস করি তবে আপনি আমাকে সংগে রাখবেন না; আমার ওযর-আপত্তির চূড়ান্ত হয়েছে।

তাফসীরে জাকারিয়া

- (৭৬) মূসা বলল, এর পর যদি আমি আপনাকে কোন বিষয়ে জিজ্ঞাসা করি, তাহলে আপনি আমাকে সঙ্গে রাখবেন না; আপনার কাছে আমার ওজর-আপত্তি চূড়ান্ত সীমায় পৌঁছে গেছে।'[1]
  - [1] অর্থাৎ এবার যদি প্রশ্ন করি তাহলে আপনি আমাকে সাথে নেওয়ার মর্যাদা হতে বঞ্চিত করবেন; তাতে আমার কোন আপত্তি থাকবে না। যেহেতু এ ব্যাপারে তখন আপনার কাছে গ্রহণযোগ্য অজুহাত থাকবে।

তাফসীরে আহসানুল বায়ান





• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2216

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন